ফ্যাক্স বার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.১৬.(খন্ড-১).৪২৯

তারিখঃ ০২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **অপারেশনাল পরিকল্পনা ও মোতায়েন নির্দেশিকা-দুর্গাপূজা ২০২০ খ্রিঃ**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.১০.০০২.১৩.২৮৩, তারিখঃ০৭/১০/২০২০ খ্রিঃ

১. **ভূমিকা** ঃ আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২০ আগামী ২২/১০/২০২০খ্রিঃ তারিখ হতে শুরু হয়ে ২৬/১০/২০২০ খ্রিঃ তারিখে শেষ হবে। দুর্গাপূজা ২০২০ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সরকার কর্তৃক প্রতিবছরের ন্যায় অন্যান্য বাহিনীর পাশাপাশি সূত্রোক্ত পত্রে অংগীভূত আনসার মোতায়েনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আনসার বাহিনী আইন, ১৯৯৫ এর ধারা ৯ অনুযায়ী এবং স্থানীয় সরকার আইনসমূহ (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন), ২০০৯ এর প্রত্যেকটির ধারা-২ অনুযায়ী আনসার বাহিনীর সকল কর্মকর্তা ও অঙ্গীভূত আনসার সদস্যগণ আইন প্রয়োগকারী সংস্থার সদস্য হিসেবে স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করবেন।

২. **উদ্দেশ্য** ঃ শারদীয় দুর্গাপূজা ২০২০-এ বাংলাদেশের সকল পূজামন্ডপের আইনশৃংখলা রক্ষা ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখা।

৩. **অপারেশনের ধারণাঃ**

৩.১ শারদীয় দুর্গাপূজা ২০২০-এ স্থানীয় পুলিশ বাহিনী এবং অন্যান্য সকল বাহিনীর সাথে স্থানীয় পর্যায়ে সমন্বয় করে দায়িত্ব পালনের মাধ্যমে কার্যক্রম সম্পাদিত হবে।

৩.২ মহাপরিচালক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চেইন অব কমান্ডে দুর্গাপূজা উপলক্ষে আনসার মোতায়েন কার্যক্রম পরিচালিত হবে।

৩.৩ সকল কার্যক্রম অপারেশন্স পরিদপ্তরের মাধ্যমে সম্পাদিত হবে।

৩.৪ আনসার ও ভিডিপি'র তৃণমূল পর্যায়ে মোতায়েন ও যাবতীয় কার্যক্রম নেটওয়ার্ককে এই বাহিনীর চেইন অব কমান্ডে প্রতিষ্ঠিত করে তা বাস্তবায়ন করা হবে।

৪. **পূজামন্ডপের নিরাপত্তায় অঙ্গীভূত আনসার সদস্যদের মোবাইল দায়িত্ব পালনের পদ্ধতিঃ**

৪.১ করোনা পরিস্থিতির কারণে ২০২০ সালের দুর্গাপূজা মন্ডপসমূহে স্থির দায়িত্বে আনসার বাহিনী মোতায়েন থাকবে না। অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর ন্যায় পৃথক মোবাইল টীমে এলাকা ভিত্তিক পূজামন্ডপ সমূহের নিরাপত্তা নিশ্চিত করবে।

৪.২ প্রত্যেক টীমের দায়িত্বপূর্ণ এলাকায় প্রতিটি টীম ২০(বিশ)টি পূজা মন্ডপের জন্য শিফটিং পদ্ধতিতে 'রাউন্ড-দ্য-ক্লক' ২ (দুই)টি টীমে করেসপন্ডিং দায়িত্ব পালন করবে। অর্থাৎ প্রতিটি মোবাইল টীমের জন্য দায়িত্বপূর্ণ মন্ডপ সংখ্যা ন্যূনতম ২০ (বিশ)টি হবে এবং ২৪ (চব্বিশ) ঘন্টাকে ২ (দুই) শিফটে ভাগ করে, প্রত্যেক টীমের জন্য ১ (এক) টি শিফটের দায়িত্ব অর্পণ করতে হবে।

৪.৩ দূর্গম ও পার্বত্য এলাকার জন্য সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট ভৌগোলিক ও যোগাযোগ ব্যবস্থা বিবেচনায় উপরের উপ-অনুচ্ছেদ-৪.২ এর ধারণা অনুসরণপূর্বক বাস্তবতার নিরীখে 'রাউন্ড-দ্য-ক্লক' দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করবেন।

৪.৪ প্রত্যেক মোবাইল টীমে মোট ০৬ (ছয়) জন আনসার সদস্য দায়িত্ব পালন করবে। তার মধ্যে ১ (এক) জন সশস্ত্র অঙ্গীভূত পিসি এবং অপর ৩ (তিন) জন সশস্ত্র অঙ্গীভুত আনসার সদস্য থাকবে। অবশিষ্ট ২ (দুই) জন লাঠিসহ আনসার/ভিডিপি সদস্য দায়িত্ব পালন করবে। সকলের নিকট বাঁশি থাকতে হবে।

৪.৫ সকল মোতায়েনকৃত সদস্যগণ সঠিকভাবে পূর্ণ পোশাকে মোবাইল দায়িত্ব পালন করবে। সম্ভব হলে হেলমেট এবং নী-গার্ডসহ মোতায়েন করতে হবে।

৫. **অস্ত্র ও গোলাবারুদঃ**

৫.১ প্রতি টীমে ০৪(চার)টি শট গান এবং প্রত্যেক শটগানের বিপরীতে ১০ (দশ)টি কার্তুজ ইস্যু করতে হবে।

৫.২ জেলায় অস্ত্র ঘাটতি থাকলে সংশ্লিষ্ট রেঞ্জ কমান্ডারের তত্ত্বাবধানে রেঞ্জাধীন পার্শ্ববর্তী জেলা থেকে শটগান ও কার্তুজ মোতায়েন করতে হবে।

৫.৩ কোনো অবস্থাতেই শটগানের ফায়ারিং অনুশীলনবিহীন কোনো আনসার সদস্যকে এই দায়িত্বে অস্ত্রসহ মোতায়েন করা যাবে না।

৫.৪ জরুরি ফায়ারিং অনুশীলনের প্রয়োজনীয়তা অনুভূত হলে, ফায়ারিং অনুশীলন পরিকল্পনা এবং প্রয়োজনীয় ব্যয় প্রাক্কলন প্রস্তুত করে রেঞ্জ কমান্ডারের মাধ্যমে জরুরি ভিত্তিতে অপারেশন পরিদপ্তর বরাবর অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

৫.৫ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাগণ স্থানীয় কেপিআই/পূজামন্ডপ কমিটি/স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সহযোগিতা নিয়ে আনসার সদস্যদের আবাসন ও অস্ত্র রাখার নিরাপদ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫.৬ এরুপ ব্যবস্থা না থাকলে, সংশ্লিষ্ট থানায় ডকুমেন্টেশন এর মাধ্যমে উপজেলা/থানা আনসার ও ভিডিপি অফিসার নিজে উপস্থিত থেকে অথবা অধীনস্থ ইউআই/টিআই এর উপস্থিতিতে অস্ত্র ও কার্তুজ নিয়মিত জমা/উত্তোলন এর ব্যবস্থা করবেন। দুর্গাপূজার মোতায়েন কার্যক্রম চূড়ান্তভাবে শেষ হওয়ার পর পুনরায় নিজ ব্যবস্থাপনায় অস্ত্র ও কার্তুজ সংরক্ষণের জন্য ফেরত আনতে হবে।

৫.৭ সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ দায়িত্বপূর্ণ এলাকায় মোতায়েনকৃত আনসার সদস্যদের আবাসন ও তাদের নিজ ব্যয়ে খাবার ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহায়তা করবেন।



Scanned with CamScanner

৬. **অঙ্গীভূতিকরণ এবং মোতায়েন এর মেয়াদঃ** ১১/১০/২০২০ হতে ২৬/১০/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনের জন্য অঙ্গীভূত করে আনসার সদস্যদেরকে মোতায়েন করতে হবে মর্মে অনুমোদন দেয়া হলো।

৭. **যানবাহন ব্যবস্থাপনাঃ**

৭.১ যথাসম্ভব যানবাহন (মাইক্রোবাস/পিকআপ/লেগুনা) জেলা প্রশাসনের মাধ্যমে রিক্যুইজিশন করতে হবে। অবশিষ্ট যানবাহনের জন্য ভাড়া পদ্ধতিতে প্রকৃত ব্যয়ের চাহিদা প্রস্তুত করে অনুমোদনের জন্য রেঞ্জ কমান্ডারের মাধ্যমে যথাদ্রুত সম্ভব অপারেশন পরিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে।

৭.২ গাড়ী দুর্ঘটনার বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। অর্থাৎ প্রত্যেক মোবাইল টিমের গাড়ীর ড্রাইভারকে প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করতে হবে। যেনো পূজা মন্ডপ এলাকায় দায়িত্ব পালনরত গাড়ী দুর্ঘটনায় পতিত না হয় এবং উক্ত গাড়ীর ধাক্কায় কোনো পথচারী হতাহত না হয়।

৮. **অর্থ ব্যবস্থাপনা/সংশ্লেষঃ**

৮.১ অঙ্গীভূত সদস্যদের জন্য এবং যানবাহনের ব্যয় সংকুলানের জন্য পৃথক কাগজে চাহিদাপত্র রেঞ্জের মাধ্যমে অত্র পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

৮.২ অঙ্গীভূত খাতে সরকারি বরাদ্দ থাকায় অঙ্গীভূত আনসার সদস্যদের জন্য পৃথক চাহিদা প্রাপ্তির পরিপ্রেক্ষিতে যথাদ্রুত সম্ভব আনুষঙ্গিকসহ বরাদ্দ প্রদান করা হবে।

৮.৩ পরিবহন ব্যয় খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে খাত পরিবর্তন সাপেক্ষে বরাদ্দ প্রাপ্তিতে সময়ক্ষেপণ হওয়ার সম্ভাবনা থাকার দরুন, যানবাহন রিক্যুইজিশনের/ভাড়ার জন্য প্রয়োজনীয় তাৎক্ষণিক ব্যয় মেটানোর জন্যে স্থানীয় তহবিল হতে লোন গ্রহণ অথবা সংশ্লিষ্ট রেঞ্জ কমান্ডার তার তহবিল হতে লোন প্রদানের মাধ্যমে সমস্যার সমাধান করবেন। তবে, রেঞ্জ এর তহবিল ঘাটতি থাকলে যথাদ্রুত সম্ভব মহাপরিচালক মহোদয়ের তহবিল হতে সাময়িক লোন গ্রহণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সমস্যার তাৎক্ষণিক সমাধান করবেন। পরবর্তীতে পরিবহন ব্যয় খাতে সরকারি বরাদ্দ প্রদান করার পর উক্ত লোনকৃত অর্থ দ্রুত ফেরত প্রদান করতে হবে।

৯. **অঙ্গীভূত সদস্যদের উদ্দেশ্যে ব্রিফিংঃ** জেলা কমান্ড্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাগণ অঙ্গীভূত সদস্যদেরকে মোতায়েনের পূর্বেই প্রয়োজনীয় পরিপূর্ণ ব্রিফিং প্রদান করবেন।

১০. **কমান্ড সার্টিফিকেট ইস্যুকরণ এবং বিশৃঙ্খলা সৃষ্টিকারি ব্যক্তিদেরকে আটকঃ**

(ক) সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার ভিডিপি অফিসার প্রত্যেক টীমের জন্য একনাগাড়ে ৫ (পাঁচ) দিন দায়িত্ব পালনের কমান্ড সার্টিফিকেট ইস্যু করবেন।

(খ) কোনো দুষ্কৃতকারী পুজামন্ডপ এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাৎক্ষণিকভাবে তাকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করতে হবে।

১১. **বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সংশ্লিষ্ট) এবং স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয়ঃ**

১০.১ জেলা কমান্ড্যান্ট সংশ্লিষ্ট জেলার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পুলিশ সুপার/মহানগরীর পুলিশ কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক সমন্বয়ের মাধ্যমে বর্ণিত মোবাইল দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করবেন।

১০.২ প্রত্যেক উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার সংশ্লিষ্ট ইউএনও এবং থানার অফিসার-ইন-চার্জ এর সাথে সার্বক্ষণিক সমন্বয় সাধনের মাধ্যমে মোবাইল টীম পরিচালনা করবেন।

১২. **জরুরি পরিস্থিতিতে যোগাযোগঃ** প্রত্যেক টীম কমান্ডারের কাছে সংশ্লিষ্ট পুজামন্ডপের সভাপতি/সাধারণ সম্পাদকের মোবাইল নম্বর, পুলিশের ডিউটি অফিসারের মোবাইল নম্বর এবং ইউএভিডিও/টিআইদের মোবাইল ফোন নম্বর থাকবে। একইভাবে সংশ্লিষ্ট টীমের পিসি'র মোবাইল নম্বরও উক্ত ব্যক্তিগণের নিকট রাখতে হবে, যেনো যে কোনো জরুরি পরিস্থিতিতে সবাই একে অপরের সাথে যোগাযোগ রাখতে পারে।

১৩. **সন্ত্রাসী/অবৈধ অস্ত্রধারী আটকঃ** মোবাইল টীম কোনো সন্ত্রাসীকে আটকের পর যথাদ্রুত সম্ভব নিকটবর্তী পুলিশের নিকট হস্তান্তর করবে। সন্দেহজনকভাবে অবৈধ অস্ত্রশস্ত্র বহনকারীর তৎপরতা দেখলে অস্ত্র আইন,১৮৭৮ এর ধারা-১২ এ প্রদত্ত ক্ষমতাবলে দ্রুত আটক করে প্রমাণাদিসহ যথাদ্রুত সম্ভব নিকটবর্তী পুলিশ অফিসারের কাছে হস্তান্তর করবে। পূজা মন্ডপের আশেপাশে পকেটমার, ছিনতাই ও ইভটিজিং প্রতিরোধেও আনসারের মোবাইল টীম সক্রিয় থাকবে।

১৪। **আদেশ ও সংকেত** ঃ আনসার-ভিডিপি বাহিনীর নিয়ন্ত্রণ কক্ষ সার্বক্ষণিক খোলা থাকবে। পূজা বিষয়ে নিম্নবর্ণিত টেলিফোন নম্বরে যোগাযোগ করতে হবে ঃ এছাড়াও অপারেশন ভাইবার গ্রুপে নিয়মিত সচিত্র আপডেট দিতে হবে।

**নিয়ন্ত্রণ কক্ষ** (Duty Officer) ঃ ০২-৪৭২১৪০৮৮, ০২-৪৭২১৪৯০১-২, ০২-৪৭২১৪৯৫১-৭।

**ফ্যাক্স নম্বর** ঃ ০২-৪৭২১৪৯৫৯/০২-৪৭২১৪০৮৮।

**উপ-মহাপরিচালক** (অপারেশন্স) ঃ ০২-৪৭২১৪৯২৩ (অফিস), ০১৭৩০০৩৮০০৩ (মোবাইল)।

**পরিচালক** (অপারেশন্স) ঃ ০২-৪৭২১৪৮০৬ (অফিস), ০১৭৩০০৩৮০২২ (মোবাইল)।

**উপ-পরিচালক** (অপারেশন্স) ঃ ০১৭৩০০৩৮০২৭ (মোবাইল)।

১৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১৪/১০/২০২০

ড. মোঃ সাইফুর রহমান, বিভিএম, পিএসসি
পরিচিতি নম্বর-বিএভি ১২০০৫৮
পরিচালক (অপারেশন্স)
মোবাইল নং-০১৭৩০০৩৮০২২
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।




F:\Monsur\DR RUA PL Z A 2020\Durga Puja ... order.doc

Scanned with CamScanner

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫৩.০০১.১৬.(খন্ড-১).৪২৯

তারিখঃ ০২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপুলিশ পরিদর্শক
বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার (সকল) ......................................

৫। পুলিশ কমিশনার, ..........................................মহানগর।

৬। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশন/প্রশিক্ষণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য।

৭। উপ-মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা ও চট্টগ্রাম রেঞ্জ।

জেলা কমান্ড্যান্ট কর্তৃক আনসার অংগীভূতি নিশ্চিতকরণের জন্য।

৮। ডিআইজি (সকল), ..................................................

সদয় অবগতির জন্য।

৯। রেঞ্জ কমান্ডার (সকল)/পরিচালক মহানগর আনসার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
...................................................................................

জেলা কমান্ড্যান্ট কর্তৃক আনসার অংগীভূতি নিশ্চিতকরণের জন্য।

১০। পরিচালক (অর্থ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

যথাসময়ে অর্থ বরাদ্দ প্রদানের জন্য।

১১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট/জেলা প্রশাসক (সকল)
...................................................................................

১২। পুলিশ সুপার (সকল) ..............................................

১৩। জেলা কমান্ড্যান্ট (সকল)/জোন অধিনায়ক মহানগর আনসার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
...................................................................................

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

১৪। উপ-পরিচালক (সমন্বয়)/পিএস টু ডিজি
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৫। বিভাগীয়/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
...................................................................................

১৬। নিয়ন্ত্রণ কক্ষ
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

১৭। অফিস /মাস্টার কপি।

১৮/১০/২০১৯

পরিচালক (অপারেশন্‌স)



Scanned with CamScanner